DEC. 25 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২২ কলাম ৪ ......

দৈনিক ইত্তেফাক

# শাহজাদপুরে ২০ হাজার শিশু শিক্ষা থেকে বঞ্চিত

শাহজাদপুর (সিরাজগঞ্জ) থেকে সংবাদদাতা ॥ শাহজাদপুর উপজেলায় প্রায় ২০ হাজার শিশু প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত। তাদের বেশীরভাগই দরিদ্র পরিবারের সন্তান। উপজেলা শিক্ষা অফিসসূত্রে জানা যায়, এ বছর উপজেলার পৌর শহরসহ ১৩টি ইউনিয়নে প্রায় ২০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা গ্রহণ থেকে বিরত রয়েছে। ৬ থেকে ১০ বছরের এসব শিশু বাবা-মায়ের আর্থিক অক্ষমতা, অশিক্ষা ও অবহেলার কারণে বিদ্যালয়ে পড়তে যায় না। সূত্রমতে, শাহজাদপুর উপজেলায় প্রাথমিক শিক্ষা গ্রহণ উপযোগী ৬ থেকে ১০ বছর বয়সের শিশুর সংখ্যা ৯৫ হাজার ৬৬৩ জন। এর মধ্যে বিদ্যালয়ে নাম অন্তর্ভুক্ত রয়েছে ৭৯ হাজার ৯৭৭ জনের। তার মধ্যে আবার ৩৫ ভাগ শিশুই নিয়মিত স্কুলে যায় না এসব শিশু বিভিন্ন ধরনের ঝুঁকিপূর্ণ পেশার সাথে জড়িত হয়ে পরিবারকে আর্থিক সাহায্য করছে। ঝুঁকিপূর্ণ পেশার কারণে এসব কোমলমতি শিশুরা নানা ধরনের জটিল-রোগ ব্যধিতে ভুগছে অপরদিকে, উপজেলার ১৮৪টি প্রাথবিক বিদ্যালয়ে রয়েছে নানা রকমের সমস্যা। ছাত্রছাত্রীদের বসার স্থান চেয়ার-বেঞ্চের অভাবে পাঠ দান ব্যাহত হচ্ছে। ফলে বাদ পড়া শিশুদেরকে বিদ্যালয় অভিমুখী করার তেমন উদ্যোগও নেয়া সম্ভব হচ্ছে না। এলাকার সচেতন মহল মনে করেন, বাবামায়ের আর্থিক অসচ্ছলতা, অসচেতনতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে অবহেলার কারণে শাহজাদপুরে প্রায় প্রতি বছরই ব্যাপক হারে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তা নিরসনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ প্রয়োজন বলে অভিজ্ঞ মহল মনে করেন।